

# 2nd Foreign Office Consultations between India and Dominican Republic

July 02, 2022

## ভারত এবং ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে দ্বিতীয় বিদেশ দপ্তর পরামর্শ

জুলাই 02, 2022

01 জুলাই 2022-এ স্যান্টো ডোমিঙ্গোতে ভারত এবং ডোমিনিকান প্রজাতন্ত্রের মধ্যে দ্বিতীয় দফার বিদেশ দপ্তর পরামর্শ অনুষ্ঠিত হয়েছে। ভারতের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন শ্রী সোউরভ কুমার, সচিব (পূর্ব) এবং ডোমিনিকান প্রজাতন্ত্রের তরফ থেকে নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের উপমন্ত্রী রাষ্ট্রদূত জোসে জুলিও গোমেজ।

2. আলোচনাতে রাজনৈতিক, বাণিজ্য ও বিনিয়োগ, ক্ষমতা নির্মাণ এবং মহাকাশ, সাইবার সুরক্ষা এবং কৃত্রিম বুদ্ধিমত্তা সহ বিজ্ঞান ও প্রযুক্তিতে সহযোগিতা, উচ্চ শিক্ষা এবং সাংস্কৃতিক সম্পর্কসহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করা হয়েছে। রাষ্ট্রসংঘ, আন্তর্জাতিক সৌর জোট(আইএসএ) এবং বিপর্যয় থেকে প্রত্যাবর্তন পরিকাঠামো (সিডিআরআই) নিয়েও আলোচনা করা হয়েছে।

3. সচিব (পূর্ব) বিদেশ মন্ত্রী রবার্তো আলভারেজ-এর সাথে সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করা নিয়ে মত বিনিময় করেছেন।

4. আলোচনা চলাকালীন আহবায়ক দেশ, 01 জানুয়ারি 2022-এ স্যান্টো ডোমিঙ্গোতে ভারতের আবাসিক মিশন স্থাপন করার জন্য প্রশংসা জ্ঞাপন করেছে। উভয়পক্ষ, বাণিজ্যের প্রসার সহ যা কিনা 100 শতাংশের উপর বৃদ্ধি পেয়ে 1 মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছিয়েছে, তার স্বীকৃতি দিয়েছে। ভারত হল ডোমিনিকান প্রজাতন্ত্রের চতুর্থ বৃহত্তম বাণিজ্য শরিক।

5. আলোচনাটি এক বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে অনুষ্ঠিত হয়েছে। একটি পারস্পরিক সুবিধামত তারিখে পরবর্তী পরামর্শটি নিউ দিল্লিতে অনুষ্ঠিত হবার জন্য উভয়পক্ষ সম্মত হয়েছে।

স্যান্টো ডোমিঙ্গো

জুলাই 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.